হিন্দাদি জবন ভূত, স্ব স্ব দেবতায় রত. এইরূপ ভাবি যত. ত্তব ভাবের বহির্ভ্ত, ভূমি হে ঈশ্বর আলা, কভূ হে বিষ্ণু বিস্মলা, বন্ধা মহমাদেক শলা. ্রাম হে রহিম শিব, মকেশ্বর ভাবাভাব.

প্রপ্র দ্বিধামত, অন্তে ভাবে অকারণ কতর্কেতে অবিরত, নরকেরি আকিঞ্চন ॥ ১ ॥ শক্তি কুদরত ক্ষেপন। আদম নামে উদ্ভব, ভাবিলেই দ্বিধা ভঞ্জন ॥ ১২

পুন দেখি চমৎকার. ঝুলি কাস্থা আদিসার, একাকারেরি কারণ। যে রূপে ছলনা করে. বহু কষ্টে তুষ্ট পরে, বেদ কোরানাদি নীত, সকলি নীত তুমিতো, নাম শুনি কত-শত, বস্তু মাত্র একি জন। অনর্থক দ্বন্ধে মরি. শ্রামাচরণ তরি ধরি, তার হে নীল রতন ॥ ৪॥

সভ্যপীর অবভার. বিষ্ণু শর্মাদি সাধুরে. ক্ষ্যাত শির্নি আয়োজন ॥ ৩॥ তব দৈশে কিসে হরি.

শিব বিষয়ক উপদেশ।



রাগ বেহাগ—তাল আড়াঠেকা।

শিব সে পরম তত্ত্ব এক পুরুষ প্রধান। সাকার সে নিরাকার বেদতত্ত্বেতে প্রমাণ ॥

গুৰু সেই নিরঞ্জন. মুনির মনোরঞ্জন, নাম সকলে নিশ্চয়. আশুতোষ দয়াময়. বিশ্বাধার নির্বিকার.

সর্ব্ব বিপদ ভঞ্জন. যোগে সে পরম জ্ঞান॥ ১॥ সর্ব্ব শ্রেষ্ঠ ভিন্ন নয়, শক্তি যোগে কর ধ্যান॥ ২॥ সে তত্ত্বরে কর সার, সে ভিন্ন কে আছে আর. প্রমাতা স্থির জান। ৩॥

আবুদা স্তম্ভ প্র্যান্ত. অনন্ত না পান অন্ত.

লিঙ্গরূপী ভগবন্তু, শ্রামাচরণে প্রমাণ ॥ ৪॥

রাগ ভৈরব—তাল একতালা। জ্ঞান যোগে ধ্যানং কুৰু প্রমিষ্ট মছেশং। দৃষ্ট রুষভ বাহন পুন স্থপঞ্চ সিরীশং ॥

বদনে শশী লাঞ্জিত. मूर्ण यूयुब्बाभनीच. एन एनिच यूर्वन । দ্বীপ চর্ম কটা প্লত, . ভক্ষ ভূষণ ভূষিত , ্যোগাননে হত্যগীত, রত নিয়ত স্থরেশং। রুষ বাহন বিহিত, দদা পদাসনে প্রীত, নিও ণ গুণালয়ত.

চতুর্জ বরণভিত, পরশু মৃগ শোভিত, অস্থি মাল্য গ্রীবারত, ক্রপে রজত গিরীশং। ত্রিত সুনাসালিত, ধুকুরে শুচ্তি রঞ্জিত, দাত। জ্ঞান মুপদেশ ং। শিরে গং জট। মণ্ডিত, । অদ্ধ ইন্দু ভালে স্থিত, স্থামাচরণ যোগেশঃ।

> রাগিণী রামকেলি—তাল একতালা। হর হর দিগধর মহাকাল করালে। ফণী মণি রঞ্জিত জটাজুট জালে॥

ভিমিকী ভিমিকী ভম্বর বাজত, কিবা নাচত স্মধুর তালে। বৰম্বৰ জভ গালম, অৰ্দ্ধ মুশোভিত ভালে। শিরোপরে শোভিত স্থরধুনী কুল কুল ধনিস্থ বিশালে।
পাদ পদ্মে স্পুর কিনি কিনি, গুঞ্জত ভৃঙ্গ স্থরন্ধ রসালে।
কৃষ্ণ পিন্ধল বরণ ভাতি, গালে শোভে নরমূণ্ড মালে।
শ্রামাচরণ স্থরণাগত, শিবরক্ষ মোক্ষদ অন্তকালে।

রাগিণী রামকেলি—তাল একতালা। হে শিব শঙ্কর গঙ্গাধর হর আশুতোয হে মহেশং। জয় অনাদি দেব দেব গংক আদিনাথ অখিলেশং॥ হে পরমেশ্বর পরাৎপর প্রভো, পরম পুরুষ পরেশং। পরমাত্রা পূর্ণ ব্রহ্ম সনাতন, হে পূর্ণানন্দ পুরেশং॥ ১॥ मातिख कुश्थ ভक्षम मशागश, श्राह्म मित्मम मीतमार। জয় দিগেশ্বর দিগাম্বর, জয় হে দৈত্যারি দানবেশং॥ ২॥ সুরধনী শিরোপরি ধারক হে, সুরপালক স্থারেশং। স্থান্ত শঙ্কর শন্ত্রাথ প্রভা, শুদ্ধ শুক্ল সূর্বেশং॥৩॥ - জয় সি**দ্ধেশ্**র শান্তিনাথ গুরো, হর সন্তাপ অশেযং। শিরোপরে সহস্রারে সত্য প্রভো, হে সুধাধার ধরেশং॥ ৪॥ কামান্তক কলি কল্ম বিনাশক, কাশীশ্বর হে কুলেশং। জর কৈলাশেশ্বর, রুর্ত্তিবাস গুরে কপদ্দী শ কপিলেশং॥ জন গদ্ধাধন গোনীকাত গুরো, ও হে গিরীশ জানেশং। প্রভোগিরিজাপতি গোলকনাথ, গন্ধেশ হে গোপেশং॥৫॥ মহাযোগী মহেশ্বর মীন নাথ. মহাকদ্র হে মশেষং। মহা কালহে মহেল্ফ নাথ ওরো, হে মুনীশ্বর মোনেশং॥৬॥

জয় জয় যজেশ্বর যোগদাতা, প্রভো যোগীত জনেশং। জ্য জোতির্য জোতির্যর হর. শ্রামাচরণ যোগেশং॥ ৭॥

রাগিণী সোহিনী বাহার—তাল আডাঠেক।।

হরিতে ভবেরি ভারে হর হরি কর সার। হর হরি বিনা জীবের কলিতে নাহি নিস্তার॥

যত বিষয় বৈভব. পিড়িয়ে রহিবে সব. কোপা রবে সব রস. রসনা হবে অবশ, শুন শ্রীমান ধীমান, না রবৈ হয় বিমান. কোপা রবে কীর্ত্তি যশ, হতে হবে পরবশ, প্রামাচরণ তরিই শেষ. হর হরি কর্ণধার॥ 🛭 ॥

না রবে সব গৌরব, পুড়ে হবে ছার খার॥ ১॥ কণ্ঠ রোগ গল দোষ, • শ্বাস কাশেতে বিস্তার ॥ ২ । অনিতা সুখ সমান, দারা পুত্র পরিবার॥৩॥

রাগিণী সোহিনী-তাল যৎ।

• কি অপৰুপ হেরি বিশ্বময়। সাকার কি নিরাকার না হয় নির্ণয়॥

যথা বিশ্ব পয়োপরে, হয় স্থী স্থিতি লয়।

নানা মৃত্তি রূপ ধরে, ব্রহ্মাণ্ড লোম বিবরে,

পুন একি চমৎকার. জ্যোতিতে হরে বিকার. ব্যাপক সিন্ধু সুধার, শ্ব রূপী শিবাকার.

অখণ মণ্ডলাকার. উপ্ৰ হিংগ অতিশয়। ২। জ্যোতি মধ্যে করে গতি. দেখিলাম আশ্চর্য্য অতি. সে পদেতে স্থির মতি. হলে নিত্য স্থাপেদয়। ৩। মধ্য দ্বীপে বিশ্বাধার. শ্রামাচরণ আশ্রয়। ৪।

শক্তি বিষয়ক উপদেশ।

রাগ মূলতান—তাল আড়াঠেকা। শক্তি সে পরম তত্ত্ব তারে জড়া মায়। কয়। যাঁহার কটাকে জীব চতুর্বর্গ প্রাপ্ত হয়॥

ব্ৰহ্মা বিষ্ণু আদি শিব, আছাতে বিছা উদ্ভব. সৃষ্টি ডিডি সংহার মহাকালেতে বিহার. শকি জান ভিন্ন মূকি. শ্রং ব্রহ্ম সজ্জা উক্তি, জান চৈত্যাদি ভক্তি, জড় তে৷ সকল ব্যক্তি,

শক্তি হীনে স্বে স্ব, বিজ্ঞা অংশে মায়াময়॥ ১ কটাকে হয় যাঁহার. পুন সে শক্তিতে লয়॥ ২ হাস্থ কপ্শনা সে যুক্তি, সে রূপাতে রূপাময়॥ ৩ মুক্তি সে শক্তি প্রশক্তি, শ্রামাচরণে নিশ্চয়॥ ৪॥

রাগ হাম্বির—তালমধ্যমান ঠেকা।

শক্তি নাম মহামন্ত্র কররে আশ্রয়। শক্তিতে হইলে ভক্তি মুক্তি হইবে নিশ্চয়॥

ব্রহা বিষ্ণু লয়কারী, মহাকাল ত্রিপুরারী. শক্তি ভিন্ন নাহি ত্রাণ, শুচাশুচি কালাকাল. তাজ এই ভ্ৰম জাল. উপাসন। সর্বকাল. ভাল মন্দ অনিশ্চয় ॥৩॥ নাহি তায় নিষেধ বিধি, অবিধি দেই সুবিধি, বিধি অপ্রাপ্তে বিধি,

সকলেরে সংহারী অন্তেতে শক্তিতে লয়॥:॥ শক্তি পূজা শক্তি ধ্যান, শক্তি জ্ঞান রে অজ্ঞান, শক্তি যোগে কালে জয় ॥২॥ শ্যামাচরণ সে চিন্তর ॥৪

রাগ ললিত—তাল আডা।

কে কামিনী স্বাসনা বিবসনা বেশে। সুধা তর্দ্ধে এঅঙ্গ চল চলাবেশে।

তৰুণ অৰুণ আসি, চরণ-প্ৰভা প্ৰরাসী. লাজে শশি পড়ে খসি. নখরে প্রবেশে. কটি বেড়া কর রাশি, কুচেতে দাড়িম্ব তুষী, চতুর্ভুজে কিবা ভাসি, বামাধের্দ্ধে শির অসি, সবো বরাভয়,রাশি, বিতরয় দাসে,

শিরোহার নরনাশি, শোণিতাঙ্গে ভাসে॥ ১

একি শোভা অমার্নিশি. স্কুষা বেশ বিন্যাসী. বামার স্থবদনী শশি. স্থানোভিত শ্যাম শশী, তডিত জডিত হ'সি. ওপ্তে শশ রক্তাকর্ষি. হান হান যুক্ত ভাসি, বহ্নি রবি পূর্ণ শশী. সুনাশা হুক্কারে রোষী, রিপু কুল নাশে। ইন্ত শিশু কর্ণ বাসী. কিয়ু শ্রীস্থ এলোকেশী, তিশুলী স্বধাতে ভাসি.

কিবা প্রভা ঘোরা মদী. যোডশী বয়েশে॥ ২ সঘনে প্রকাশে, দন্তপংক্তি মক্তাদশী. বশনা উল্লাসে॥ ৩ নেত্ৰ ত্ৰয়েতে বিকাশ. भागिष्ठत्व (म ॥ ८

রাগিণী কালনেংডা—তাল মধ্যমানঠেকা নিৰুপ্মা কি ৰুপ্মা শ্যাম বরণা। সদানক পরে স্থানকে নগনা মগনা ॥

ঢল ঢল ঢলে রঙ্গে. নাচিছে যোগানী সঙ্গে, কটিতে কর কর্পি. বরাভিত শিরো অসি. রতিতে অতি আবেশ. ছিন্ন ভিন্ন কেশ বেশ, দানা দক্ষ শিবা সবে, শ্যামাচরণ প্রভাবে.

ভাবে কধির তরঙ্গে. লোললোলিত রশনা॥ গলে মাল নর শিরশি. করে ধারণা তৰুণা॥ বিপরীত রিত বেশ. मन यहां य वनना। রিপু নাশে মাতৈ রবে. कर्म्भ धत्रभी धत्रभा॥

রাগ বাহার—তাল আডাঠেকা।

কি হেরিলাম অপরুপ হেরে ভুলিলো নয়ন। চঞ্চলায় হেরি চঞ্চল হলো অচঞ্চল মন॥

কাল ৰূপের কিবা শোভা, অন্তত আশ্চর্যা প্রভা, লোল জিহ্বা অট হাসি. মুক্তকেশী প্রিয় ভাষী, ভালে শোভে অৰ্দ্ধ শশী. ত্ৰিলোচনা তায় যোড়শী. চতুর্ভুক্তে শির অসি, মালা পরে শির কাটি. কর-শ্রেণীই বন্ধ কটা.

মহাকালের মনোলোভা, মুনির মনে রঞ্জন। ১॥ ক্ষেরিছে তায় স্থারাশি. मर्वनानी करत त्रा ॥ २॥ অভয় বর ধারণ॥ ৩॥ কুচ কুন্ত পরিপাটী, কি শোভা শ্যামাচরণ 🛚

রাগিণী রামকেলি—তাল একতালা।

কি আনন্দ এ আনন্দে গো মা অন্ন দে মা অন্ন দে। পূর্ণা প্রকৃতি পরমানন্দে পূণ্য দে মা পূণ্য-দে ॥ অসার সংসারে শারদে সারদে, আশার স্থসার বরদেং, অপার রূপার ভারদে পারদে, সুখ দে গোমা সুখ দে। ১॥ ত্বস্তুর প্রস্তুর স্থান সহদে, নিস্তার বিস্তার সম্পাদ প্রমাদে, কাতরে বিতর আমোদ প্রমোদে, বিপদে দে মা জ্রীপদে। ২॥ ভজন পূজন সাধন এ দীন, অজ্ঞান স্ক্রান সন্ধান বিহীন, কুজান কুধ্যান বন্ধনে প্রবীন, মোক্ষ দে গো মা মোক্ষ দে। আ জনন মরণ স্মরণ সসন্দে, পতন তপন তনয় ত্রিফন্দে, শ্রীশ্যামাচরণ কারণ প্রবন্দে, জ্ঞান দে মা জ্ঞান দে। ৪॥

> রাগ সূরট মল্লার—তাল মধ্যমান ঠেকা। রূপাময়ী গো রূপাং কুরু কুরীত জনে। রূপাতা করে মাতা কলঙ্ক করিস্নে॥

যে সাগার সলিল হেরি. বন্তু শূন্য জির্ণ তরি, সভে শুনি কৈলে পার. শৈলা-অজার ব্যবহার. ক্রমে ক্রমে গত কাল. ক্ষমা নহে ক্ষণেক কাল, পিতা যিনি মহাকাল. ক্ষেপ্ত বাক্ত চির কাল. জন সম সর্গে বসি. नक्ती मह्म (प्रयादियी, मन रे में यूथ तानि. কুপ্রবৃত্তি রাশি রাশি, মদে মত্ত মন করি, সঙ্গদোষে ভ্রমে ফিরি. ভবিষ্যদ ভাবনা হলে, ফলের বলে যেতো চলে.

াসাঁতারিতে শঙ্কা করি. তরিব কেমনে। শৈল নাকি দিনের ভার. আর প্রচারিস্নে॥ ১ নিকটন্ত হলো কাল. কি করি এক্শণে। কাল পদ প্রাপ্তে কাল. ডাকিলেও না শুনে॥ २ পরস্পর মন তুষি, রক্ষা মাত্র প্রাণে। পর দারা ধনোদেশী. নাশিব কি গুণে॥ ৩ কালান্ধশে নাহি ডরি, অসার অর্ণ্যে! কেবা ডাকে মামা বলে, শ্রীশ্যামাচরণে॥ ৪

রাগিণী সিন্ধুভৈরবী—তাল ঠুংরি।

কে জানে মা শিবে শামা। বেলাগমে না হয় সীমা অসীমা মহিমা অনুপমা গুণাতিতাবামা N

কি দিয়ে ভোমায় ভূষিব, কিবা স্তব প্রকাশিব, কি গুণে বা সন্তোষিব, ত্রিগুণে না পায় দীমা। যে নাম স্থারে সদাশিব, সে নামে সদা ভাষিব, যে পদে মা শব শিব. সে পদ দেহ মনোরমা।

মনোহর নামা॥ ১॥

অহং দেহে অন্ধ ভক্তি, মনে মুক্তি চিত্তে ক্ষমা। রসনায় বিষেতে ভৃপ্তি, বাসনায় বিষয়ো উক্তি, দর্শনে মায়িক ব্যক্তি, সদা মায়াতে সংযামা।

বুদ্ধি নহে স্থির যুক্তি, জ্ঞানের অগম্য শক্তি,

হরগুণ ধামা। ২॥

ত্বকে ত্বক্ যন্ত্রণা অতি, প্রবল কুমতি কি মা।

কুত্রবলে থাকে শুন্তি, নাশাতে কুদ্রাণে প্রীতি, পদ যার অবিভা তীর্থ, করে করে মারা রুত্য, পারু পত্তে মল মূত্র, কুধা সে নছে বিরামা।

শুন সভ্যভাষা। ৩॥

কাম সে অতি হুৰ্জ্জন, লোভ সে ধর্ম বর্জন. মদ উন্মত্ত কারণ অস্থির শ্যামাচরণ.

ক্রোধ তর্জনে গর্জন. মোহ মোহে সে প্রতিমা। মাৎস্থ্য মত্ত বারণ. কিবা দিব সে উপমা।

গাইসারি গামা॥ ৪॥

রাগিণী কালনেংড়া—তাল মধ্যমান। ভাব মুক্তকেশী মুক্তির কারণ। ভব পাশে মুক্ত ভক্ত করিলে স্মরণ॥

পুর্ব ত্রেমা কলা, চঞ্চলা সম চঞ্চলা, অট হাসি জিহবা লোলা, নীলা নীরদ বরণ। কর-শ্রেণী বন্ধ কটি, কটাক্ষ ভঙ্গি ভাকুটী. হলে যুগা পায়োধরে, লাজে পাভি সরোবরে. ক্ষির ধারায় অঙ্গ শোভা, শক্র ধনু সমপ্রভা, মুখ শশী মনোলোভা, ,চন্দ্র সূর্য্য অগ্নি ত্রয়, শতানিত কর্ণে দ্বয়, ভালে অদ্ধেন্দু শোভন। স্থােভিত চারি করে, বামে শির অসি ধরে, দক্ষিণে সৈ অভয় বরে,

্মুতে মাল্য পরিপাটী, নাশে রিপু করি রণ। ১ দাড়িম্বের দর্প হরে. মগ্ন হয়েছে মদন। কটাকে কাম হরণ। ২ ত্রিনেত্রে দেখি উদয় ভক্তে করে বিতরণ॥ ৩

সঙ্গে ডাকিনী যোগিনী, সুধা সিন্ধু তরঙ্গিনী, শব শিব হৃদাক্ত্য, ভক্তি ভাবে মতি দৃঢ়, কিবা ভাব স্মভন্ধিনী, কিমাশ্চর্য্য অভরণ। আলিঢ় বা প্রত্যালিঢ়, প্রাপ্তিতে শ্যামাচরণ॥ ৪

त्राणिनी मिक्कुटेंज्बरीं—ञान मध्यमानटर्रक्। ।

নীল বরণী কে কামিনী। কন্দর্প দর্প হারিনী; নবঘনে স্থশোভিত জিনি কোট দেশিদামিনী॥

কি কাষ ঘরে নগরে,
নান্ স্থা ধর অধরে,
কিবা ধর্ম কাম অর্থ,
যোগীর যোগে পরম তত্ত্ব,
অন্তর্বাহ্য শাস্ত্র তর্কে,
দেখ চন্দ্রানল অর্কে,
থীর মায়ায় মুগ্ধ জীব,
যে নামে নাশে অশিব,

ভোব'দে রূপ সাগরে,
ভাব রে দিবা যামিনী। ১
মহাদেব যায় উন্মত্ত,
নিত্য চিত্তেন চিন্তামিনি। ২
আধারাদি ষট্চক্রে,
সহস্র দল দামিনী। ২
বার রূপার মুক্ত শিব,
শ্যামাচরণে ভারিনী ॥ 8

রাগিণী সিন্ধুভৈরবী—তাল মধ্যমানঠেকা। কে হরে বিহরে একাকিনী কাহার কামিনী। অঘোরা তায় ঘোর রাবা এ ঘোর যামিনী॥

निकी नील नव शतन স্ব্যানলেন্দু নয়নে, ভালে শোভে অদ্ধ ইন্দু, তত্বপরি দেখি বিন্দু, রিপু কুল করে সংহার, পরে নর শির হার, নাশিল সৃষ্টি সংসার, নয়ন মুদি থাকি ধ্যানে, বাহ্যে চাই যে দিক পানে, হেরি কাল দোদামিনী। শির অসি বাম করে, কটি-শ্রেণী বন্ধ করে.

তডিৎ হাস্য তায় স্থনে, গতি গজেন্দ্র গামিনী। ১ জ্ঞা হেন স্থাসিয়া, कलात्म छक्क शामिनीं। २ অস্থর দল দামিনী। ৩ বামায় দেখি ব্ৰহ্ম জ্ঞানে, দক্ষিণে তায় ব্যাভয় বরে, শ্রামাচরণে তারিণী ॥

রাগিণী সোহিনী—তাল মধ্যমানঠেকা। र्थ थला थलाकिनी तमनी। রমণার শিরোমণী: তিমিরে তিমির হরে জিনি ফণীর শিরোমণি ।

কৈ এ গোমা বিবসনে, লোল লোলিত রশ্নে, অপৰূপ ভোবোদয়, শির অশী বরাত্য়,

মুকুতা শোভে দগনে, ধারাধরিত শণি। ১ পলকে হয় প্রলয়, করে ধরে ত্রিনয়নী। ২

রাম রস্তা জিনি কিবা, মহাকালের মন লোভা, কি শোভা শ্যামাচরণে. ঐ পদ বন্ধ জ্ঞানে.

উৰু নিতম্বের সোভা, र्भ इकतान वननी। ७ যোগাননে আছে খানে. ভাসে ভব তরণী। ৪

রাগিণী ভৈরবী—তাল আড়াঠেকা। মিছা আশে মায়া⁸পাশে পতন হয়েছি ভ্ৰান্ত। অন্তর ক্রতান্ত হেরে দিন অন্ত কান্তে কান্তে॥

একান্তে দিন্ অন্তে ভ্রাত্তে, 'করিলে এ পদ ,চিত্তে, ফাঁকি দিয়ে দে কুতান্তে, কৈবলা হইতো অন্তে। ২ অন্তজ অধম দীন. ভয়ে ডাকি ভীত হয়ে. শ্যামাচরণেরে দিয়ে.

বিশ্ব ৰূপা বিশ্ব ধাত্ৰী, স্থান্টি স্থিতি লয় কত্ৰী. চতুর্বর্গ ফল দাত্রী, তেশমারে কে পারে জান্তে। ১ কি বৰ্ণিবে তব গুণ, ভক্তি মুক্তি শক্তি জ্ঞান, হারাইলাম জান্তে শুন্তে। ৩ জ্ঞান অসি মা অভয়ে. ' মুক্ত কর গো দিনীতে 1. ৪

> রাগিণী ভৈরবী—তাল আড়াঠেকা। ক্লি হবে কি হবে শিবে ভবে ভেবিছি অসার। ভগ্ন তরী মগ্ন হলে বহু বিদ্ন হতে পার॥

যে হেরি ভবেরি বারি, তরঙ্গ কিসে নিবারি,

ভূর্ব্যোগ দেখি ভার ভারি, মারা মেঘে জ্ব্ধুকার। ১।

দিকের নাহি নির্ণয়. জীর্ণ তরি ছিদ্রনয়, অজ্ঞান বায়ু বিস্তার, নাহি মা আর নিস্তার, माँ इसी शामि यठ, শ্রামাচরণ জ্ঞান হত.

মহাচক্রেতে ঘূর্ণয়, নাহি জানি মা সাঁতার। ২। ভাবি অকুল পাথার, পাগল তায় কর্ণার। ৩। রিপু কুলের অনুগত. শরণাগত তোমার। ৪।

রাগিণী ভৈরবী—তাল আড়াঠেকা। ছেলেরে খেলিতে বলে কি খেলা খেলিতে গেলে। পাগলের সঙ্গে বুঝি খেলা খেলে পাগল হলে॥

পঞ্চ মতে কফ্ট পরে. ভুষ্ট করে তদন্তরে, তুলে মা তোমারি তত্ত্ব, বিবিধ মতে প্রবত্ত, খেলা ঘরে খেল্বো বলে, সাজাই কত ছলে বলে, পঞ্চ ভূতে প্রক্য ফলে, তাহে তুমি হয়ে রিপ্র, তারা স্ব,স্ববলে দহে বপু,

একাদশ ইন্দ্রিয় রে. দ্বারে ঘয়ে কর্মান্তরে. সে সব নহে স্ববশ, কাহারে কি দিব দোষ, স্ফ কর খেল। যরে. মায়াদি সঙ্গে অর্পিলে। সঙ্গি পেয়ে খেলে মত, তোমারি মায়ারি ছলে। ১। ভৈঙ্গে ফেলে যায় বা চলে। দলে দিলে ছয় রিপু, मक्ष इत्नम् छिलोनत्न । २। রাখ যতে রক্ষার তরে, যে যে যোগ্য কুৰো ছিলে। সবে দেখি পরবশ.

সব ফলে ভাগ্য ফলে। ৩।

দারা পুত্র পরিবার, মদে মত্ত অনিবার. শ্রামাচরণ ক্ষ্পায় ও,

যে যে সঙ্গি খেলিবার, সদা তত্ত্ব বিষে ফেলে গ অস্থ্রিক কান্ত খেলায় ও, ত্বরায় ওমা কোলে লও, • ধর্বে দেড়ে বুড়া এলে। ৪

> রাগিণী ভৈরবী-তোল মধ্যমান ঠেকা। জপরে মহাকালী কালী। অন্তরেতে নিরন্তর ভাব মুগুমালী মালী।

ভন্মন তোমারে বলি, দেখ রূপ প্রভা বলি, মানসেতে দেহ বলি, কি করিতে বা আদিলি, কিবা করিয়ে ভারিলি, এ যে দেখ ঘোর কলি, পাপেতে পূর্ণ সকলি, বাসনায় দাও জলাঞ্জলি, হও শ্রামাচরণ অলি, কৈবল্যতে যাহ চলি,

্পেতে বিদালী করালী।১। ফলে মূলেতে নাশিলি, বিপদ্'ঘটালি ঘটালি। ২। ্কিবলি প্রাণ ব্যাকুলি, জন্ম হারালি হারালী। ৩ দিয়ে করতালি তালি। । ।

রাগিণী গারা ভৈরবী—তাল আড়াঠেকা। প্রেত মক্তি পাম কালীর নাম কররে আত্রয়। যে নাম স্মরণে জীবের মহা মোক্ষ হয়॥ কালী নাম সুধা সার, পান কর অনিবার, জন্ম মৃত্যু না হবে আর, গুৰু বাক্যে সে নিশ্চর। ও নামে করে নির্ভর. হল অজর অমর. নাম ব্রহ্ম নিরাকার নামে জীব নির্ব্বিকার জিহবা ধনুই নাম বান. -ব্ৰহ্ম জ্ঞানে সুসন্ধান. নামে ত্রনার ত্রন্ত. নিতা শিবের শিবত্ব. গুৰু দত্ত সেই তত্ত্ব, নাম ত্রন্ধের মাহাত্ম্য, লকারে শিব প্রত্যক্ষ. যোগেতে কৈবল্য ধাম, শ্রণ মাত্রে নিফাম.

বিষ পানে বিশ্বস্তর, নাম তাহে মৃত্যুঞ্জয়। ১। নামেতে প্রাপ্ত সাকার. হয় শিব আনন্দময়। সগুণে কর বন্ধান. নির্ব্ধাণ তায় কালে জয়। ২ নাে বিষ্ণুর বিষ্ণুত্ব. * শুন নাম পরিচয়। নামে সত্য প্রমার্থ. বেদাদির গোচর নয়। ৩। ককার দে কপ্পা রক্ষ, আকার সাকারে মোক্ষ, , দীর্ঘী শক্তি জ্ঞানোদয়। অতীত দে সপ্তপ্ৰাম. শ্রামাচরণে সে লয়। ৪ !

> ক্রানিনী ভৈরবী—তাল আডার্চেকা। নিঃপব্দে শুরু হইয়ে রবে কি মা রাত্র দিন। মা মা রবে ডেকে ডেকে হলো মোর তর ক্ষীণ।

পিতার হরিয়ে জ্ঞান. নিজে হলে অন্তর্ধ্যান ... কালেতে মহা প্রলয়, শিব সেই মৃত্যুঞ্জয়,

কাঁদে এ শিশু অজ্ঞান, হয়ে মাতৃ পিতৃ হীন। ১। মহাকাল তোমাতে লয়. কেন চৈত্ত বিহীন। ২।

কেমনে করি নিশ্যু, নামেতে কলম্ব হয়. শুণ্য গ্ৰহ তায় নিৰ্ধন, শ্রাদ্ধাদির প্রয়োজন,

দাহাদি করাতোশ্রয়. নাচিছে কাল প্ৰবীণ। ৩। কিবা করি আয়োজন. শ্যামাচরণের ঋণ । ৪ ।

রাগিণী বার্ঞা—তাল ঠুংরী। তারা কোথা মা এদময়, অসময়। কোথায় রহিলে গোমা দাসেরে হয়ে নিদয়॥

ভবার্ণবে নাহি কল. হেরে হয়েছি ব্যাকুল. কিছুতে নাহি প্রতুল, অতুল তরদ্বময়॥ ১॥ নাহি তাহে পারাবার. জীর্ণ তরী নব দার, मां इिल्डिशानि मन, कूठकी मत्नत तन, পেলে শ্রামাচরণ তরি, তবে এভবে মা তরি, গুৰুদত্ত অস্ত্র ধরি,

, নাহি দেখি কর্ণার. পঞ্চ ভূতেরি আলিয়॥ ২ ॥ প্রাণ সংশয় নির্যশ । যেরেছে তার রিপু ছয় ॥ ৩॥ রিপু কুলে করি ক্ষয়॥ ৪॥

> রাগিণী বিভাষ—তাল মধ্যমান ঠেকা। প্রেরণা সহেনা মা আর বার বার অনিবার। শমন শাসুন ক্ষেত্র এই কারাগার ॥

নির্দায় সে সারজন. ডাক্তর সম সমন.

অনুচরেরি পীড়ন, বিনা দোষে অনিবার ॥ ১

অভক্ষ্য অপেয় পান, হারাইলাম ধর্মজ্ঞান, যদি করি উপাসনা. কুমন্ত্রণা কুকামনা, অভয়া দিয়ে অভয়, শ্রামাচরণেরি জয়,

না করিলে বধে প্রাণ. রক্ষ আধের আধার॥ ২॥ উন্মাদ মধ্যে গণনা. কুচ্ছা করে হুরাচার॥ ৩॥ রিপু কুলে করি ক্ষয়, কর বিচার প্রচার ॥ ৪ ॥

রাগিণী কানেড়া—তাল আড়াঠেকা।

[়] না হেরে সেই রমণী কেন_়মন উচাটন । সে বিরহে অঙ্গ দহে সদা প্রাণ জ্বালাতন॥

नश्रन यू मिरल शेरत, সদয় হয়ে সে মে'রে, দেমনে তাহারে পাব. কি করিব কোথা যাব. কি করে পোণ খুড়াব, যদি পাই সে বামারে, -রাখি হৃদয় মাঝারে, আর কি ভুলিব তারে, বিধি বা নলিনী ললনা শ্রামাচরণ ভুলনা,

উদয় হয় অন্তরে. পুন হয় সে গোপন। ১। নাহয় সে নিৰুপণ। ২। সে নয়নের নয়ন। ৩। নাহি সে রূপ তুলনা, মরি কি স্থচন্দ্রান্দ। 8।

রাগিণী ঝিঝিট তাল—আড়াঠেকা। অসার সংসারার্ণবে নাহি দেখি মা নিস্তার। প্রবল মায়া তরঙ্গ মোহ শ্রোতেতে বিস্তার।

আশা বায়ু বলবান্, লোভ মেঘ সপ্রমাণ, मारमर्ग यन शब्दन, मन इकि जात वर्ष्टन. শক্র সে পাপ হর্জন, ক্রোধ ঘোর অন্ধকার। ভগ্ন তরীর আয়োজন, নাবিক তাহে কুমন, ইন্দ্রির দাড়ি দশ জন. অতি হ্রস্ট হুরাচার। কিছুতে নাই পরিত্রাণ, দৈশ্য শমন বিভাষান,

কাম তাহে বজ্রবান, তড়িৎ প্রাণ সে আমার। ঞ্জিখামাচরণে স্থান, দিয়ে ত্রায় কর পার।

> রাগিণী বারঙা তাল—ঠুংরী। তারা তার তনয় জনে। সদত অস্থির মতি তোমার পূজনে॥

ব্রন্ধা বিষ্ণু হরারাধ্য, বৰ্ণনৈ না হয় সাধ্য, ছুৰ্গে ছুৰ্গতি নাশিনী, সৰ্ব্বাপদ বিনাশিনী, আসিয়ে ভবেরি হাট, দেখি সব নেটরি নাট, ভুলে গুৰু দত্ত পাট,

জগজ্জন সব বাধ্য, অসাধ্য তব ভজনে। ১। অন্তে ত্বং সর্ব্ব প্রাদিনী, কাল হর মা নির্জ্জন। ২। থাকি র্থা আয়োজনে। ৩। প্রামাচরণের মন. অপ্রয়োজনে ভ্রমণ, কুপথে করে গমন, করায় কুপ্রিয় জনে। ৪

রাগিণী সুরটমলার তাল—মধ্যমান ঠেকা। সদা কালী কালী বল রসনায়।

পাইবৈ পরম হুধা ত্যজি অন্ত বাসনায়॥

দ্রবন্থ কলি কলঙ্কা, কালী নামে জোর ডঙ্কা, এই ঘোষণায়॥ ১॥ লইরে কালীর নাম. মোক্ষ তার কৈবল্য ধাম, সে শবাসনার ॥ ২॥ ত্যজরে যত জঞ্জাল, বিবেক অগ্নি তার জাল, সে অন্বেষণায়। । । সকলি জান অনিত্য, শ্রামাচরণ সেই সত্য, মহাকাল হন উন্মত,

ন রবে শমন শকা. করে ধর্ম অর্থকাম, কাট সব মায়াজাল. যে উপাসনায়॥ ৪॥

্ হ্ৰাণিণী মোগীয়া তাল—মধ্যমান। কালী সে কেমন ধন কিসে জানিবেরে মন। ি যে কালির নাম শুনে ত্বরেতে পলায় শমন॥

মহাকাল পেয়ে তত্ত্ব, সে নাম রসে উন্মত্ত, অন্তে র্জেনে কালী সত্য, শাশানে করে ভ্রমণ। ২

যোগীগণ না পায় খ্যানে. জ্ঞানীগণ না পায় জ্ঞানে. দেবাদিদেব আরাধনে, হ্লদে করিরে স্থাপন ।

স্থি স্থিতি সংহার, কটাক্ষে হয় যাঁহার. ভাব কিব। রাত্র দিবা, জ্যোতির্ময় স্থামাচরণ। ৪।

নিরাকার নিবিকার, সেই সাকার কারণ। ৩। কোটা চন্দ্র স্থ্যপ্রভা, জিনিয়ে রূপ্যনে লোভা,

রাগিণী বারে রা তাল—ঠুংরি। কালীপদে মজ মূঢ়া মন। ষটপরে ষট্পদ রূপে করতে ভ্রমণ।

খিষয় কেতকী প্রসঞ্জে, মত্ত আছ নান। রঙ্কে, সে সঙ্গে শেষ্ অল ভঙ্গে, 'অাধার পর বিবরে. গতি জ্যোতি স্ত্র ধরে, হড় দল অনুপ্য!, মহাক্দ সহ শামা, ্ধাদশ্ দলে আত্মতি, ষোডণাক্তে শক্তি সতী, ্ইতরাখ্য শিব শক্তি, উপরে প্রণব প্রশক্তি,

ছবে জ্বালাতন'॥ ১ কুণ্ডলী স্বয়ম্ভ পরে, কর পশ্চাতে গমন॥ ২ তাহে মহা বিঞ্রমা, দশ দলেতে রম।। नेश्वती नेश्वत ति, সদা শিব দরশন॥ দ্বিদলে মন্ উৰ্দ্ধে মুক্তি, তদেক্তি শ্রামাচরণ।

রাগিণী যোগীয়া তাল—বাঁপতাল।

কালী কলি কল্ম নাশিনী,
কৰণাময়ী কুলেশ্বরী কালান্তক কামিনী॥

কেমা কুলদা কামদা কাত্যায়নী, কুমারী কোশিকী রুশাঞ্চিনী,
কাশীশ্বরী কপাল পালিনী, কৈলাশ নিবাশিনী॥ ১

কমলা কাল্যা কাম ৰূপিনী, কুৰু কুল্যা কুশল কারিণী,
রুপাময়ী করাল বদনী, কলহা কাল আদিনী॥ ২
কৌশল্যা রুষ্ণা কাক্বাহিনী, কীটেশ্বরী কঙ্কাল মালিনী,
কাদখিনী কলত্ত্ব দায়িনী, কলা কুমারী রূপিণী॥ ৩

কাম্যা কাম কর্ম কারিণী, কার্যা কার্য ধার্য ধারিণী,
কার্যা স্থামাচরণে তারিণী, কৈবল্য প্রদায়িনী॥ ৪

রাণিণী বিঁবিঁট তাল—মধ্যমান ঠেকা।

কেঁবলে বল কাল শণীরে কাল।
কোটা শশী মিশি আসি যার কাল রপেতে লুকাল॥

যে হেরে গো ঐ কাল, হরে তার অন্তরের কাল,

সৈ কি ভোলে কোন কাল, মজেছে যার সর্ব্বকাল॥ ১

যদি হয়্ গো কালাকাল, তাহে যে ভাবে ঐ কাল,
কৈবল্য শোম প্রকাল, এহোয় ছরে যায় তার কাল॥
১

উৎপত্তি নির্নৃতি কাল, স্থিরতর এই কাল, শ্রামাচরণ স্মর কাল,

ভব দিন্ধু পার কাল, কাণ্ডারি দেও এই কাল. ভেবে কাল মহা কাল, পাগাল যাব চিরকাল। ৩ হর সেই পরকাল। ৪

রাগিণী সুরটমল্লার তাল—মধ্যমান ঠেকা।

সদা কালী কালী কালী বল মন। কালী নাম স্মরণে হয় কালের দমন॥

কিবা বালা যুবা কাল, কিবা রদ্ধ অন্তকাল. আজি কালি বলে কাল, করে আয়ুকে হরণ॥ ২ রুখা গোল ইছ কাল. না ভাবিছ পরকাল, বর্ত্তমান কালে ত্রিকাল, দেখ করিয়ে গানন ॥ কালী নামে মহাকাল, স্থিরতর চিরকাল, কি সকাল কি অকাল.

নাহি তাহে কালাকাল, কি সকাল কি বৈকাল, কিবা সন্ধ্যা রাত্র কাল, • সর্ব্ব কালে সে সাধন॥ ১ ভাব লে শ্রামাচরণ॥ ৪

রাণিণী সুরটমল্লার তাল --মধ্যমান ঠেকা।

কাল কৈ কুলপালিকে কুলীনা কুলদায়িনী। কুলহীনে কুলং দেহি মা কুল কুণ্ডলিনী॥

কালি কলুষ নাশিনী, কালভয় বিনাশিনী ॥ ১
কামকোধাদি সংহার কারিণী, কপাল পালিনী কপালিনী ॥
রুষ্ণ রূপে কেলি কারিণী, কালিন্দী কুল কুঞ্জ বাদিনী,
কালিয় দুমনী কংসধংসিনী, কুকুক্লেতে কুকুকুল নাশিনী॥

রাগিণী ভৈরবী তাল —মধ্যমান।

দিন দিন তমু ক্ষীণ আৰু রবে কত দিন। ধীবর করাল কাল ধরি লবে প্রাণ মীন॥

সংসার অর্থব মারের,
পাশ বন্ধ কাল ব্যাক্তের,
লক্ষ ঝক্ষ করে কত্তর,
পলাইবার নাহি পথ,
কাটিবারে মারাজাল,
শ্রর কালী প্রকাল,
শ্রামাচরণ কর ধ্যান,
গুরু হত্তে নির্বাণ,

তেজে গতি নিজ কাবে.
সম্প্রতি গতি বিহীন ॥ ১
জড়ালে জঞ্জাল যত,
তরে অজ্ঞান প্রবীন ॥ ২
গুরু আছেন মহাকাল,
কাল যাঁর আজ্ঞাধীন ॥ ৩
অস্থ সেই ব্রস্ক্রান,
মুক্তি দাতা ভক্তাধীন ॥ ৪

সারতত্ত্ব চিন্তামণি।

বাণিণী জয়জয়ন্তি তাল—বাঁপিতাল।

ককর্মী কলির সৈনা করিল সব অধিকার। ধর্মদ্রোহী হয়ে যত অধর্ম করে প্রচার॥

কুতুর্ক রূপ অস্ত্র ধরে, ধর্ম পক্ষ পলায় ডরে. শাস্ত জানী যত বল, ক্রিয়া কর্ম লোপ ফল.

বেদ বিধি খণ্ড করে. ধ্বংশ তায় বিচারাচার॥ ১ অৰ্থ লোভে নাঁত্তিক হল, প্রবলতা দ্বৈবাচার ॥ > স্থানে স্থানেতে ইম্ফল, নাশে তায় জাতি কল, मकल (पश्चि ना)कृत. जक्तिभात मश्मात ॥) ইক তাজিয়ে খ্রীকানী, দেবক কর্তাভিমানী, অজ্ঞানী কর ব্রহ্মজ্ঞানী, শ্রামাচরণে উদ্ধার ॥ ৪

রাগিণী কালনেংডা তাল—মধ্যমান। আমার ঐ ভয়ে ব্যাকুল মন। কখন আদি আদিবে চুরন্ত শমন।

ত্রাসেতে ন। মুদি আঁখি, সন্মুখে যেমন॥ ১ শুনিয়ে মং শুন নাকি, বিচার কেমন॥ ২ काली नाम् भारां श्रां कत्र, मरातन्व मृज्यक्षत्र, ভক্তের হয় বরাভয়, কৈবল্য গমন॥ ৩

শয়নে অপনে থাকি, দেখি প্রলাপ কত বাকি, भ कारलरत मिट कांकि, काली काली वरल आकि.

নাহি মা অনা প্রত্যাশ, শ্যামাচরণ অভিলাব. পাদপনে স্থা আশ্ব.

ভঙ্গ রূপ রম্প। ৪

রাগিণী কানেডা তাল—আডাঠেকা।

উদাসী করেছে মোরে সেই সর্বনাশী খ্যাম।। সর্বভাগি যার লাগি বেন্থ। সে মোর মনোরম।

গৃহ স্পান অর্ণ্য, সকলি সমত্থেণ্য, ক্ষণা নিজা ত্যাগ যে জন্য, ভাবি তাঁৱে অট্যাম।। ১ কিবা করি কোণা যাই, কিরপে দেখিতে পাই, সে রূপের তুলন। নাই, অপরণা অনুপ্রা।। ২ भत्न इतन छेमरा, निनीर्ग इस इनस, শ্যামাচরণ হেরে ধ্যানে, তুচ্ছ হয় ব্রহ্মজ্ঞানে, সপ্ত প্রামেরি সন্ধানে, প্রাধ্য নিসা স্থারি গ্রাম ৪

কিসে সে হবে সদয়, একি নিদয়। সে বাম।।। ৩

রাগিণী বিঁঝিট তাল—আডাঠেক।।

কি রূপ হলে। দর্শন। দশ মহাবিছা রূপে দশ দিক আচ্ছাদন ॥

ক'লিক। তার। ষোড়শী, ভবনেশ্বরী রূপসী, ভেরবী তিয়। শিরসী

ধুম। সে ধুক্র বরণ।

সারতত্ত্ব চিন্তামণি।

বৰ্ণলা ভাষ্ মাভজিনী, সুসজ্জিত সুস্ঞিনী. পুন একি চমৎকার. রুষ্ণ রাম রাম আরে. বরাছ ভূমিংহাকার, গ্রপার মহিমা গ্রে. নয়ন মুদি দৃঢ় মতিই, ষ্ট চক্র ভেদ গতিই, ব্রশা বিফু শঙ্করে, नाम विन्तु कला शहत, অফ সিদ্ধাদি অনিমা. নিলে মহামায়াজয়. ইন্দ্রাদি রিপুই জয়,

কমলাত্মি রঞ্জিনী. যেরিয়াছে ত্রিভুবন॥ ১ তারাই দশ অবতার. মংস্য কুর্বাদি বামন। বুদ্ধ কলিক সে সংহার, ম। হর নিরাক্রণ॥ ২ দেখিসে আশ্রেষ্য জ্যোতিই. ় অদুত দেই বৰ্ণন্। ভেবে মগ্ন গুণাকরে. কণ্ডলি তত্ত্বেরি ধন॥ ৩ রূপে ওণে না হয়্দীমা, কপ্তক স্কাভীমা, া অবলীলায় বিতরণ। মায়। মোহ নাহি রয়, ভাবিলে শ্রামাচরণ॥ ৪

রাগিণী সিন্ধু তাল—যৎ 1-

আজু ফাণ্ড্যা খেলেতো শ্রামা স্বন্দরী। খেলে খ্যামাত্রনরী সংমে ত্রিপুরারী॥

তে ত্রিশ কোটা দেবলৈ ভাদানারি, চৌষটী যোগিনী মারে পিচকারি।

গন্ধর্ক কিন্তুর স্বভূষেরি, রাগ রাগিণী তালে নাচে গায়েরি ॥২

চন্দন চুতা আতর আবেরি, কুম্কুম্ কস্তুরী দেই সব ডারি॥৩ লাল অলিকুল, গুঞ্জরে না না ফুল, লাল পল্পৰে লাল পীক ব্রোরি॥ লালে লাল ভই শ্যামাচরণ তালিরি॥ ৪

্রাগিণী বসন্তবাহার তাল—ঠেকা।

অনর্থ অনিত্য তত্ত্ব ব্যর্থ কিবা স্থবাসন।। ভাব নিতা প্ৰমাৰ্থ সতা শ্যামা শ্বাসন।॥

র্থা চিন্তা প্রবশে, মত কুর্ম বির্দে, এখন থাকি স্বৰণে, কুপ্রে সদা ভ্রমণ, কুস্ত্রে সদা গ্রমন, রথা তর্জন গর্জন, প্রিয়জন প্রয়োজন, অনিতা সুখ বৈভব, ভাবনা তায় অসম্ভব,

কালী বল রে রশন।॥ ১ কুরজে রমণ কি মন, চিন্তা কালী বিবসন।॥ ३ ধ্বণ। স্জন্ আয়োজন, নির্জনে দে উপাদন।।। ৩ ভাবিরে ভাব সম্ভব, স্থামটেরণে তোষণা ॥ ৪

> রাগিণী ঝিঁঝিঁট তাল—কাওয়ালি। একি রূপ হইলে। উদয়। অপরপ স্বধা কুপ। স্বরূপ হেরিয়ে মম প্রকৃল হৃদ্য ॥

যদি হয় পঞ্জানন, তাহে অসাধ্য বৰ্ন, গুণে অগণ্য গণন, কি গুণে সদয়॥ ১

ভাব সে দেখি অভাব, চঞ্চলা সম অভাব, ভব ভাবিয়ে সে ভাব, ভোলা মৃত্যুঞ্জয় ॥ ২ সকলি সেই বিভতি, হেরি বিশ্বময়॥ ৩ অবিধারেতে অন্তথ্যান. শুসামাচরণ ওই আরী॥ 🗞

প্রকৃতি পুরুষাকৃতি, ক্ষণে সে জ্যোতি বিকৃতি, সহস্রারে নিতাস্থান, স্কলপারে বিরাজমান,

রাগিণী বসন্তবাহার তাল—তেওট।

मातः (महि (म मात्रमा वदः (महि (भ) वदमा । জ্ঞানং দেহি হুং জ্ঞানদ। মোক্ষং দেহিও মোক্ষদ।।।

দারিদ্র গ্রহেশ আচ্ছন্ন, দেহ তাহে অবসর. নাহি মা পৰ্বা সাধন. অাগত কাল নিধন. সদা স্থিত প্রকশ্ गांशि रल की छिं यन. দেখি সংসার অকুল, হীন শ্রামাচরণ কুল,

অভাব উদর **অন্ন**. অরং দেহিমে অরদ। ॥ ১ এহিকে তাহে নির্ধন, 🕟 धनः (महि (म पनमा ॥ २ উদয় করুস বিরুস্থ যশং দেহি হে যশদা॥ ৩ कुमारक मान वाकिन, কুলং দেহি হুং কুলদা॥ ৪

রাগিণী সিন্ধুভৈরবী তাল—একতালা।

কি মন্ত্রণায় এ মন্ত্রণা শ্রামা দেহ এত দিন। কুলাল চক্রেতে পড়ে ভ্রমিগোমা রাত্র দিন॥

তোমারি মায়ারি বাদ্ধা তমি যে পরমারাধ্য, চর্ণচর যত জীব. উপমা অন্য কি দিব. কন্দৰ্প হানে যে বাণ. নাহলো সাধন ধানে. শ্রামাচরণ সংযোগে. ছায়া বাজির গোলযোগে. হইয়াছি জ্ঞান হীন ॥ ৪

উত্তীৰ্ণতে নতে সাধা, কি জানে গতি বিহীন॥ ১ ব্ৰহ্ম বিষ্ণু আদি শিব. সব ও মায়ার অধীন॥ ২ অস্থির তাহে অজ্ঞান. ভেবে হলে। তবু ক্ষীণ।। ৩ অশ্ভ মামন্যোগে.

রাগিণী সিম্নুভৈরবী তাল—একতালা।

त्रथा निम (शन मूट्थ कानी वनदत तमना। কালীন নাম সুধাপানে বাসনা নাশন।॥

দেহ হয় সুধাময়. হইলে সে নামে মতি, হরে তায় সব তুর্গতি, কৈবলোকে করে গতি.

কালী নামে কালে জয়, নাশে সব ভব ভয়, তায় শূন্য কামনা॥ ১ আর কি ভাবনা॥ ২

সারতত্ত্ব চিন্তামণি।

মিছা কেন কর্ম ভোগ, হলে তায় মন সংযোগ, বিধির্ বিধি তায়্ খণ্ডে, শুসামাচরণ তত্ত্ব কাণ্ডে, সেই সে পরম যোগ, পায় শবাসনা॥ ৩ অসাধ্য কি এ ব্রহ্মাণ্ডে, আমনেদ ভাসনা॥ ৪

রাগিণী সিক্কুভৈরবী তাল—একতালা।

এমা স্থরেন্দ্র বন্দিনী নগেন্দ্র নন্দিনী যোগেন্দ্র মোহিনী খ্যামা। দৈত্যেন্দ্র নাশনে গজেন্দ্র গমনে মৃগেন্দ্র আসনে কেও বামা।

গামা দিগ বাদে,
রিপুকুল নাশে;
মা ভৈ মা ভৈ রবে,
ভূত্ প্রেত্ ঐ রবে,
যোড়শী বয়সী,
করে শির অসি,
উন্মত্ত আবেশে,
ভূমুণ্ড গলদেশে,

অট্ট হাসে,
গ্রাসে গ্রাসে একি ভীমা মা॥ ।
নাচিছে ভৈরবে,
দানা দক্ষে দের দামামা॥ ।
ভালে অর্দ্ধ শশী,
অভয় বরে বরদা মা॥ ৩
এলোকেশে এসে,
শ্রামাচরণ মনোরমা॥ ৪

রাগিণী সুরট মল্লার তাল—মধ্যমানঠেকা।

তারা আপন জোরে লব জীচরণ। স্থামীরে দিয়েছ তুমি কোন বাবার ধন ॥

মাতৃ ধনে অধিকার, পুলে প্রাপ্ত স্মবিচার, দায় ভাগে এ লিখন॥ ১ পিও দতা ধনহারী, উভয় পিতা মাতারি, অন্তর্গানে আদ্ধ সারি, বিশেষ প্রাপ্তি কারণ॥ ২ ভাঙ্গড় সে ত্রিপুরারি, আজন্ম কাল ভিকারি, কিছু অংশ না দেয় তারি, বক্ষে রেখেছে রূপণ।। এ পিতায় লাগে পুতের শাপ, বুকে খেলে কাল সাপ, ত্রিরাত্রতে গেল পাপ.

কভু না হয় পিতার, পিও দাও শ্রামাচরণ॥ ৪

ज्ञांशिनी बिँबू है। ठान — आफ़ार्टिका। ডুব দে স্থখ সাগরে। मिकिमानसमारी यथा (म विश्वत श्रुत ॥

অনিতা সংসার স্থাথে নাহি কোন কুল জাতি. নাহি তথা দিবারাতি. জ্বলিছে অখণ্ড বাতি.

ইচ্ছ মন নানা ছঃখে, ন্ত্রী পুত্র মায়া কোতুকে, তাজিতে হবে সহরে॥ ১ সমভাব অফ প্রহরে॥ २

মহাশূন্যে সেই স্থান, জ্যোতি তায় বহুবিধান, জ্ঞান তায় হয় স্জ্ঞান, নাহি চক্র সূর্ব্যের গতি, নাহি কন্পুরে রতি, শ্রামাচরণের মতি.

স্থির বায়ুর উপরে॥ ৩ নিরালস সে নগরে॥ ৪

রাগিণী নিঁঝুটা তাল—আড়ার্চেকা। পাষাৰ মন্দিমী কালী পাষাৰ তব হৃদয়। নত্ব। সভানে কেব। কোণা হয়েছে নিদয়॥

শুনি তুমি দ্য়াম্য়ী. ও নামেতে কালে জয়ী, নাহি থাকে ভব ভয়। বুঝিব। কলত্ত হয়, নামের্ মহিম। ন। রয়, বিপুন; হয় প্রাজয়, স্বরাল কাল উদয়॥ ১

হইয়ে শ্রণাগত, ত্যজি দারা পুত্রধন, করিয়ে সর্কাম পণ, আভাকার সমপ্র,

ত্রৈলোক্য তারিণীত্রী. কফ পেলাম নানামত, আরো বা ভুগিবো কত, এত কি মা প্রাণে শয়। তথাপি মহ সদয়॥ ২

त्राधिनी विष्युं जिला — आ ङाटिका । একি কাল রূপ হেরি মরি হায়। দৈখি ও কাল স্বরূপ ভোলা বিষমদায়॥ মন প্রাণ উচাটন, কেমনে পান দে ধন,

কি বা করিব সাধন, সদা ভাবি সে উপায় ১

না হেরিলে প্রাণে মরি. বল কেমনে প্রাসরি. এমন দিন কবে হবে, হদয়ে দে স্থির রবে,

সদা আমি জ্বরে জরি, সেই বিরহ জ্বালায়॥ ২ ক্ষণেতে হয় বিকার, করিতে চাই প্রতিকার, রসায়ন নাহি তার, বল কে মোরে বাঁচায়॥ ৩ শ্রামাচরণ দে পবে, यদি বারেক ফিরে চায়॥ ৪

রাগিণী ঝিঁঝুটী তাল—আড়াঠেকা। আরে মন কেন কালীপদাস্বজে মজনা।

প্রম তত্ত্ব কালীর নাম, ৃত্তুল সংগার গাম, পূর্ণ হবে নমস্কাম, বিষয় কেত্ৰিনী সঙ্গে, জালাত্ম হলে অজে. মার। কার। নান। ফুল. মোহ গারেতে ব্যাকুল. দাবাগ্লিই হবে নিৰ্মূল, আদিতে আদিছে কাল, জানাগ্নি তাহাতে জাল, ঘুচিবে যত জঞ্জাল, সেই নিতা আচরণ**.** শ্রামাচরণ উচ্চারণ,

ভজনা ভজনা ॥ ১ বঞ্তিছ নানা রজে. তথাপি কেন তাজনা॥ २ ু বুঝালে কিছু কোঝন:॥ ১ নিৰ্মল সাজে সাজন।। ৪ পূর্ণতায় পুরশ্চরণ. সেই ভজনা পুজন।। ৫

রাগিণী শিঁঝুটা তাল—আড়াঠেকা।

ত্রিপুরেশরী তারা, ত্রিতাপ নাশিনী। ত্রিগুণধারিণী, ত্রিলোকপালিনী দংছি ত্রিপুরা।

তত্ত্ব সং হি তত্ত্ব রূপিণী, তত্ত্বে যুদ্ধে ত্রাণ কারিণী,
তুফা তৃষ্ণা তৃষ্ণে দায়িনী, তিকালে সং কাল হর। ॥ ১
তার হার ধারিণী তারিণী, তপন তনয় ত্রাসনাশিনী,
তুরিতানন্দ সং তরপিনী, তুরিয়াতীত পরাৎপর। ॥ ২
তপন্দী-জন-তপ-স্কর্মিণী, তির্গেশ্বরী তীর্থ বাসিনী,
তাল রূপিণী তাল তেদিনী, তুল্যাতুল্যে অতুলাণ কারা॥ ৩
সং হি তৃষার হারে তোষিণী, ত্রিবেণী রূপিণী সং হি ত্রিলোচনী,
তুরিতে শ্যামাচরণ তরণী, তনয়ে দিতে করমা সরা॥ ৪

রাগিণী ঝিঁঝুটী তাল—আড়াঠেকা।

শুনগো শামাস্থ্রন্দরী করি এই নিবেদন। পাদপন্ম হৃদি পন্মে অনুত্ত করেংগো অর্পণ ॥

আসা যাওয়া কর্ম রোগ, করে নেমা খণ শোধ,
দেহ দাসে জ্ঞান বোগ, জবোধ প্রবোধ কারণ।
না চাহি অথ সম্পাদে,
ভূলোনা বিপদাপদে, সর্বদা পাই দরশন॥ ২

আর এই মনে সাপ. পেয়ে তত্ত্বস স্থাদ, মুচিবে ভব আত্ম, সুধাময় হবে আগ. গাইতে তব প্রসঞ্জ.

নিতা ভঞ্জি ও প্ৰসাক্ষ আমনেদ কাল হরণ ॥ ৩ প্রজিবে শ্যামাচরণ ॥ ৪

রাগিণী সোহিনী বাহার তাল—একতালা

জগং কর্নী জগদ্ধানী জগজ্জন পালিনী॥ জগৎহত্ৰী জগৎ তাত্ৰী জগ্নোহন্মোহিনী॥

কিব। ওঠ অধর বসন চরণ, শোণিত দলিত শোন বরণ, তকণ অৰুণ লাবণা বরণ, সর্কাভরণ ভ্রিণী॥ ১ চতুর্ভুক্তেকি সাজে গরুর্বাণ, শুখা চক্র তাহে দীপ্তিমান, ত্রিবলি বলরা প্রেত সমান. নাগ যজেপবিতিনী॥ > পাদপাৰে এ স্পুৰ ভাষাৰে, কিনু ৰূনু গুণ গুণাং সে ওঞ্জে, ক্ষীণাকটা কি ক্ষলিপয়োধরে, দাভিন্ন দর্প হারিণী॥ ৩ শাম্মাচরণ স্বচ্ছন্দ সাধনে, দেখ এইবামা মুগেন্দ্র আমনে,

र्यार्शक यूनीकानि वादाधर्म, शार्य नर्शक निन्नी ॥ 8

রাগিণী রামকেলি তাল —একতালা ७ म। (गार्गभंदी (योर्ग खनकिमी। জগদাত্রী জগদনে ওগে। জগনোহনী॥ জ্যোতির্দায়ী জ্যোৎস্বারপিণি, জিতেন্দ্রিয় জনমন মোহিনি, জন্ম জরা মৃত্য হারিনী, জর যামিনী ভামিনী॥ ১

ক্লাক্ষরী যমুন। জলপ্লাবিনী, যশেদ। যশ প্রকাশ কারিণী, गटकथरी गडकाशिगी, अश्रमाठी दृश्यांमानानानी, यही यह गृह अकानिनी, জয় জয় যম যুদ্রণা নাশিমী, জয় হিমেক্ত মন্দিনী॥ ৩ গ্রমণ তটে রগল রপিণী, জয় জয়ন্তী জয় দায়িনী,

যাগ যজ প্রচারিণী॥ ১ কর জানকী জনক নন্দিনী. যুক্তি শ্যামাচরতে তারিণী॥।

রাগিণী কানে ছা তাল — আভাঠেক।।

কত দিন পরে মোরে নিস্তারিকে তথ্যে শিলে। রূপ। দুটি করে কি এ ভব অশিরে নাশিরে।

, কেন সুঃখ দেহ তারা, হইয়াছি জান হারা. ं भित्र ताका जाता घटा घटा. षा गुड़ा खाता हत। काश अधाद महाहै. क्रमण्ड कम्ब झाहे. भागगाहर्य उही मार. ভক্ত হতে পাই। বাই,

7

विद्यार्गत इत्लग माइ.. কখন মা কালে আসিতে গুণাতীত প্রাৎপর। এ দামে কি মতে।যিবে । যদিম এস নিকটে. মপ্রতী তব হামিবে॥ ১ শ্রিফক লার কর্নপার. গদাসগারে ভাসিবে॥ গ

সারতত্ত্র চিন্তামণি।

205

রাগিণী বেহাগ তাল—আডাঠেকা।

এমন দিন মোর কবে হবে কালী বলে প্রাণ যাবে। বন্ধবৰ্গে আসি মোর কর্ণে তার। নাম শুনাবে॥

অন্তে সজ্জান গোরিকে. হরি হরি কালী রবে, গিয়ে জাহবীর জলে, শুনাবে নাম কুতুহলে, প্রাপ্ত হব মুক্তি গাম, দেখে কাল পরাজয়, সারতত্ত সুধামর,

(एर्ड योर्ड क्क मर्ट, উন্তারিবে প্রেমভাবে॥ ২ গজানারায়ণ বলে. সংক্রীর্ত্তনে গুণ গণবে॥ ३ মনেতে হয়ে নিজাম. বলে কালী বলা নাম. মগ্র হয়ে জ্ঞানার্বে॥ ১ জী গুণমাচরণা শ্রন প্রাপ্ত সদপ্তক প্রভাবে॥ ৪

> রাগিণী ললিত তাল—আডাঠেকা র্জ আসিছে প্রাণগোরী চল ছেরি চন্দ্রামন। সঙ্গে লক্ষ্মী সরস্বতী আর ওছ গজানন।

তমা, নিয়াছিল যদব্ধি, তুলখের নাহি অব্ধি, অশ্র ধারার নিরব্ধি, শোভে বস্ত্র অলক্ষারে, রত সূপুর ঝহ্বারে,

অন্ধ হয়েছে নয়ন। ১ **হরে সভার অহ**ংকারে. সিংহাসনে আরোহণ॥ ২

সঙ্গে আছে নন্দী ভূগী, আশ্চর্যা কি রূপ ভন্দী। আনন্দিত ত্রিভুবন।। ৩ জামাতার বলে ভিক্ষারি, শুনি কুবের ভাঙারি, জগজন আজাকারী,

नशीरांग वाजनती, সাধনে শ্যামাচরণ ॥ ৪

রাগিণী আলেয়া তাল—আডাঠেকা। কি আনন্দ ধনি শুনি প্রকল হলে। অন্তর। অংসিছে মোর প্রাণ গৌরী গিরি ছেরিগে চল সত্তর দ

যত নগর নাগরী. কক্ষে কৃত্তপূর্ণ বারি, रुम्ली एक श्रांभम, दृद्ध श्रुद्ध भागी भाग, শ্ৰো থাকি দেবগণ. নৃত্য গাঁত বাজ বাদন, করে গন্ধ কিলর ॥ ৩ तियाजिल यनद्वि, স্থামণ্চরপে আরাধি.

ম্লল ধূনি উচ্চারি. লয়ে এদে প্রস্পর 🖁 ১ পূজা দ্রব্য আয়ে।জন, করিছে সর নিরন্তর॥ ২ कर्ड शुब्श दिवस्य. दंगिन वर्म नित्रविध. ত্মি তে। নিজে প্রস্তর। ৪

রাগিণী আলেয়া তাল—আড়াঠেকা! আয়েগো উমা হুঃখ হুখের কথাকব মায়্ঝিয়ে। এই দিন নিশ্চিতি ছিলে পিতামাতায় পাশবিয়ে॥ আমার যে মনে ব্যথা, কারে কব মর্ম কথা. কারে বা পাঠাব তথা, নিন্দা শুনি পাঠাইয়ে।

তুঃখে হয়ে অবসন্ন, গেছে হুই চক্ষু কর্ণ, मद्भ शांक नकी जुजी, जुज (প্রত আদি मङ्गी,

সবে কয় ভোলা ভিক্ষারী, উদর্দায়ে সর্বদারী. শ্যামাচরণ আরাধনে, চিন্তা ভোমারি কারণে, ফেলিয়ে ভব বন্ধনে,

উদরে নাহি দি অন্ন. পোড়। প্রাণ আছে বাঁচিয়ে॥ ১

যদি তথা কেই যায়, জামাতা ফিরে না চায়. ডাকি কিছু না সুধায়, ভাঙ্গে বিভোল হইয়ে। দেখে তাদের ভাব ভাল, পলায়ে এসে ভরিয়ে॥ ২

জাতি রুল নাহি তারি, বেড়ায় ভিক্ষা মাগিয়ে। যুমাতে হয় কি জাগিয়ে॥ ৩

রাণিণী আলেয়! তাল—আডাঠেক।। কর মঞ্জাচরণ। আইল সক্ষেত্ৰ। মতল কারণ।

এস স্ব কুলবালা, সাজাইয়ে বরণ ডালা, সংবংসরের পরে, দেখ এমে প্রস্থারে, . কক্ষে কৃত্ত পূর্ণ বারি, ধার। যুক্ত কর বারি, উলুপ্তনি উচ্চারণ। কন্যা পুত্র চারিজন,

সবাছনে আরোহণ,

গাণ নানা পুপ্রমাল, डिभारत कर वत्र। এল মোর উমা ঘরে, इत्त प्रथ्य नित्रात्त्वे ॥ ५ লয়ে চল সারি সারি, मएक माम मीमीशन. উপস্থিত বিবর্গ। :

যত সব প্রবাদী, আৰ নানা দ্ৰব্য রাশি, পায়ম পিউকাদি শাক, भिक्षां वा नि भिक्षे वाकः

দ্রব্যাদি করি সংযোগ, এ সব স্থা সম্ভোগ বেদ মন্ত্রে পুরেশহিত, চণ্ডীপাচ হতা গীত.

অগ্মার উমার অভিলানী, ক্রিবাবে সম্বরণ ॥ তার ব্যঞ্জন কর পাক. সহ বস্ত্র বিতরণ ॥ ৩ দেহ কেহ নানা ভোগে. উমারি কারণ। করহে পূজা বিহিত,

অর্চিতে শ্রামাচরণ॥ ৪

রাগিণী কানাডা তাল—আড়াঠেকা। কি ছঃখ সাগরে কেলে গিয়াছিলে এতদিন। তোমার হঃধের কথা ভেবে মোর তর ক্ষীণ।।

দিব। নিশি চক্ষে ধ'ৱা, অন্ধ তাহে নয়নতারা, · সদা ডাকি তারা তার।, চাতকী জল বিহীন ॥ ১ তুমি মা সাধের কন্যে, কত কন্ট তোমার জনে, পিতা তোর দে পারাণ, অত্তে তার নাহি সান, জামাতা ভোলা ঈশান, নাহি পাই তত্ত্ততে, নাহি বার্তা পত্রাপত্তে, কি দ্রখ মা এমে মর্ত্ত্যে,

সে ছঃখ কি জানে অনো, হরে পুজি রাত্র দিন॥ ২ আমি পাষাণী প্রাচীন। ৩ শ্যামাচরণ জ্ঞান হীন॥ ৪

সারতত্ত্র চিন্তামণি।

205

রাগিণী ললিত তাল—আডাঠেকা। কেমন করি জিলে উমা মায়েরি পাশরি। ভিক্ষারি জামাতার ঘরে কত দঃখ মরি মরি॥

শুনিয়ে মা তোর দুঃখ, বিদীর্ণ হয় যে বুক, অনু বস্তুরে তাসুখ, ভাঙ্গড় সেই পঞ্জানন, আজে তার ভদ্ম ভূষণ, অন্তি মাল্য অভ্রণ, ভিক্ষা মাগি যাহা পায়, থাকুক অন্যের দায়, কে তত্ত্ব করে তোমার, পিতা গিরি মা প্রস্তরী ৪৪

কি সুখে ছিলে কি করি॥ ১ যজ্ঞসূত্র ফণী ধরি॥ ২ সে উদরে না কুলায়, কুন্যা পুত্র চারি তোরি॥ ৩ শান্মাচরণ করি সার, এক ভাবিতে হয় আর,

রাগিণী আলেয়া তাল—আডাঠেকা আহা মরি কিবা হেরি উমারি রূপ মাধ্রী। ক্তান হেন ব্রহ্মময়ী, উজ্জল করেছে পুরী॥

পদ ছয়ে রক্ত জব!, উক রাম রন্তা কিবা. বান পদ মহিষাম্বরে, রভু সূপুর ভাষারে, ত্রিশল চক্র ক্পাণ, পাশান্ত্ৰ ঘটামান,

আহা মরি কিবা শোভা কটতে ল'জে কেশরী। দক্ষিণ পদ নিংহপরে, ধনি করে কি মাধুরী॥ ১

সব্যক্ষে শক্তি বাণ খেটকচাৰ্প বামে ধরি ! অস্বরের কেশ ধরি, শ্লাঘাত তৎ হৃদি পরি, ভালে শোভে অৰ্ক ইন্দু, মুখ শূলী সুধা সিন্ধু, একে যোডশী বয়েদে, নানালক্ষার ভ্যা বেশে, লক্ষী আর গণপতি, সব্য বামে শোভে অতি, স্বাহনে স্থিতি করি। শিবের রুষভারোহণ, পোজরে শ্রামাচরণ,

নাগপাশে বদ্ধ করি. নাশে আশ ভায় কেশরি॥ ২ তাহে সিন্দুরের বিন্দু, ত্রিনেত্র জিনি চকোরী. তাহে শোভে এলোকেশে, স্থাতিত পিতাম্বরী॥ ৩ কার্ত্তিকেয় সরস্বতী. ম্বেছির দর্শন, প্রসর। মা কেম্বররী ॥ ৪

রাগিণী বিভাস তাল--সাড়াঠেকা। এ কলো নহে সামান্য শুন্গো মেনকা রাণী। ভবের কাণ্ডারী ভব দে ভাবে এই ভবানী॥

শালিতে সৰ উদ্ভৱ, সর্বাধারে ব্যক্ত সেই, বাঞ্জা পূর্ণ করিতে এই, রূপ হেরি জ্ঞান হয়, যোগে দিখি জ্যোতির্ময়, গণেতে ত্রিগ্রণাতীত. সদা চঞ্চল মতিতো,

ব্রমা বিষ্ণু আদি শিব, দেব চরাচর জীব, বেদ বিধি আদি বাণী। প্রং ব্রহা শক্তি সেই. অবতীৰ্ণাম। সৰ্কাণী॥ ১ कि विक सर्वामा, যে জানেতে ব্ৰহ্মজানী। কে আছে উমা ব্যত্তি, কি বর্নিবো কিবা জানি ॥ >

গুৰু পত্তা স্বসন্ধানে, আরাধিয়ে ব্রন্ধ জ্ঞানে, ভক্তিভাবে মহামায়া, ক্ৰ্যা হয়ে ভব জায়া. এনেছে সে কন্যা ঘরে, রাফ্ট নগরে নগরে. আনন্দিত পর সারে, রুখা এই ধন জন. পুজ হে শ্যামাচরণ,

পূজা জপ তপ ধ্যানে, তাহে হয় দৈব বাণী। ধরিয়ে আশ্চহ্য কায়া, উদ্ধারে যতেক প্রাণী॥ ও সে মা আমার অভিমানী সক্ষে করিয়ে পণ্. গন্ধ পুষ্প দেহ আনি 📭

রাগিণী বেহাগ তাল—আডাঠেক।।

कानना (मनका दानी देम। तम नत्र मामात्रा। ব্রহা বিষ্ণু হরা রাধ্যে হন ত্রিজগত মানো॥

মহাযোগী মৃত্যঞ্য, বেদে ব্ৰহ্ম স্থলিশ্চয়, আ্লাদের তপ্তা বলে, জ্যে মাতা কন্যা ছলে, জামাতা শিব ভাগ্য দলে, হয়েছে কন্যার জন্যে॥ ১ অভিতেখি দয়া ময়. জীব যত নিস্তারয়, তার ধনের নাহি দীমা, উমানে নহে প্রতিমা, সবে দিতে জ্ঞান যোগ, হরিতে এ কর্ম ভোগ,

জামাতা সে বিশ্বময়, ত্রক্ষয়ী সেই কন্সে। গুরু রূপ করে আগ্র, ভাগি এ সংসারারগো। অসীমা গুণ বৰ্ণীমা, मुक्तिक्षभा (म भंतर्भाः ॥ > মাশিবারে ভব রোগ, নিৰ্গুণ স্বায়ণ প্ৰমাণে,

ভক্তে দিয়ে স্বীয় ধন,
ভক্ষাদি অঙ্গে লেপন,
ব্রহ্ম সে চনকাক্ষতি,
আবরণ শক্তিতে স্থিতি,
শীশিব শ্যামাচরণ,
শক্তি দে মুক্তি কারণ,

ফণীহাড় মাল্য ভূষণ,
অন্নদা দরিজাগণের ॥ ৩
দ্বিধা পুৰুষ প্রকৃতি,
তি শক্তি সেই ধন্যে।
বহু আরাধনের ধন,
ত কথাকি জানে অন্যে॥ ৪

রাগিণী ললিত তাল—আড়াঠেকা।

কি শুনি হে গিরিবর জামাতা মোর পঞ্চানন। কাশীতে রাজরাজেশ্বর পেয়েছে রাজ সিংহাসন॥

শুনি তায় মন্ধল বাণী,
আন্নপূর্ণা সে ভবানী,
শোভে স্ফর্ণময় পুরী,
গারে সব স্থর স্থরী,
গাজ বাজি দারি দারে,
সাজারেছে উমা মারে,
স্মরণে শ্যামাচরণ,

জেনে এস বিবরণ,

উমা আমার মহারাণী,
আন্ন করে বিতরণ ॥ ১
নাচে অপ্সরী কিন্নরী,
পূজে উভয়ের চরণ ॥ ২
দয়া শুদ্ধা স্থাকারে,
দিয়ে নামা অভরণ ॥ ৩

গিয়া আমন্দ কামুন, তবে স্থির হবে মন 1 8 রাগিণী বাহার তাল—চিমা তেতলা।
ধর্ম সভার কি বাহার চমৎকার।
হৈরিয়ে হরিল স্বার মনের বিকার॥

সুসভ্য সকল জাতি. নানা শান্ত্র ধর্ম পাতি: উজ্জল জ্ঞানের বাতি. উপাসনায় দিবারাতি, সভাগণের বর্ণীমা. উদয় ভক্তি পূর্বিমা, ধার্মিক উদ্ধার হেতু, পাপকলি রাহু কেতু, বিপক্ষের দলবল, ধর্মের বল প্রবল. আনন্দেরি কোলাহল. মানব জন্ম সফল. দরিক্র দিজ পণ্ডিত. দাত্ব্য অপ্রিমিত, তত্ত্ব সার স্থান দিত, শ্যামাচরণে সম্প্রীত.

তত্ত্ব রুসে সবে মাতি, করে স্থপাঠ প্রচার। দীপ্রমান বিছাভাতি, নাশে অজ্ঞান অন্ধকার॥ ১ मशा अका ना इस मीमा. মন চল্ড নির্বিকার। ধর্ম সভা ভব সেতু, নাহি তাদের অধিকার । ২ বিচারে হল দ্রর্মল. স্থির সাধন সাকার ॥ शिल मव अम्बल. নিতা ধর্ম সংস্কার॥ ৩ উপস্থিতে পুলকিত. মনোনীত স্বাকার। নদা ডিন্তা পরহিত, সাধনা পঞ্চ প্রকার॥ 8

প্রকাশক

শ্রীহরিপদ বন্দ্যোপাধ্যার রামমর আশ্রম, বৈষ্ঠনাথধাম

কুণা পোষ্ট (সাঁওতালপরগণা)